কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 14 JULY 2026 ,TUESDAY | ১৪ জুলাই ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-222


## বারুইপুরকাণ্ডে ধৃত সিপিএম নেতা লাহেক আলির ৮ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ আদালতের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দক্ষিণ ২৪ পরগণা ,১৩ জুলাই :** বারুইপুরকাণ্ডে ধৃত সিপিএম নেতা লাহেক আলির ৮ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিল বারুইপুর আদালত । বারুইপুর গণধর্ষণ ও খুনের ঘটনায় নাবালিকাকে উদ্ধারের সময় প্ররোচনামূলক উস্কানির ঘটনায় গ্রেফতার করা হয়ে সিপিএম নেতা লাহেক আলি কে। সিপিএম নেতা লাহেক আলির উস্কানিতেই বারুইপুরে গণপিটুনির ঘটনা ঘটেছে বলে দাবি ওঠে এলাকাবাসীর পক্ষ থেকে । পাশাপাশি পুলিশকে মারধর করা হয়েছে লাহেক আলির উস্কানিতেই এমন ও অভিযোগ উঠেছে ।লাহেক আলি জমায়েত সংগঠিত করেছেন ,এদিন বারুইপুর আদালতে দাবি করেছেন বিশেষ সরকারি আইনজীবি। বারুইপুর ঘটনায় ১১ জুলাই অভিযোগ দায়ের এবং ১২ জুলাই মামলার পরই গ্রেফতার করে পুলিশ।সূত্রের খবর , বারুইপুর গণধর্ষণ ও খুনের ঘটনায় নাবালিকাকে উদ্ধারের সময় প্ররোচনামূলক উস্কানির অভিযোগে সিপিএম নেতা লাহেক আলি কে সোমবার ৮ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে বারুইপুর আদালত। এদিন বারুইপুর আদালতের বাইরে সাংবাদিকদের উদ্দেশ্যে সিপিএম নেতা লাহেক আলি সমস্ত অভিযোগ মিথ্যা বলে দাবি করেন । রাজনৈতিক প্রতিহিংসা চলছে বলেও এদিন লাহেক আলি বলেন।

## ডুয়ার্স কন্যায় উচ্চপর্যায়ের বৈঠক জয়গাঁ পৌরসভা নিয়ে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জুলাই :** আলিপুরদুয়ার জেলার জয়গাঁকে পৌরসভা হিসেবে ঘোষণার পর প্রশাসনিক প্রস্তুতি ও পরবর্তী পদক্ষেপ নিয়ে ডুয়ার্স কন্যায় একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে সংশ্লিষ্ট প্রশাসনিক আধিকারিক ও বিভিন্ন দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।সূত্রের খবর, নবঘোষিত পৌরসভার সীমানা নির্ধারণ, প্রশাসনিক পরিকাঠামো গঠন, নাগরিক পরিষেবা সম্প্রসারণ এবং উন্নয়নমূলক পরিকল্পনা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি নতুন পৌরসভার কার্যক্রম দ্রুত চালু করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে।জয়গাঁ পৌরসভা গঠনের ফলে এলাকার নাগরিক পরিষেবা আরও উন্নত হবে বলে প্রশাসনের আশা। পানীয় জল, রাস্তা, নিকাশি, বর্জ্য ব্যবস্থাপনা, আলোসহ বিভিন্ন নাগরিক সুবিধা আরও সুসংহতভাবে পৌঁছে দেওয়ার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দিনে পর্যায়ক্রমে সমস্ত প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করে জয়গাঁ পৌরসভার পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু করা হবে।

# ৭৪০ কোটি টাকা আদিবাসী পরিবারের অ্যাকাউন্টে ঢুকলো



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জুলাই :** অন্নপূর্ণা ভাণ্ডারের টাকা একাউন্টে ঢুকেছে কিনা সিএসপি সেন্টারে গিয়ে চেক করতে গিয়েই চক্ষু চড়ক গাছ হয়ে গেছে আদিবাসী পরিবারের এক নিরীহ মহিলার। অন্নপূর্ণা ভাণ্ডারের টাকা ঢোকেনি কিন্তু তার অ্যাকাউন্টে সাত কোটি ৪০ লক্ষ ৬৭ হাজার কয়েক টাকা ঢুকে রয়েছে। তাই দেখে এক দিকে চক্ষু চরক গাছ অন্যদিকে আনন্দে আত্মহারা হয়ে গেছে আদিবাসী পরিবারের সেই গৃহবধূ। তিনি স্বপ্ন দেখে ফেলেছিলেন এবার সেই টাকা দিয়ে ভালো করে ঘরবাড়ি বানিয়ে ছেলেমেয়ের পড়াশোনা করে তাদের উচ্চশিক্ষিত করে সুখ শান্তি নিয়ে জীবন যাপন করবেন এমনটাই আশা তার। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের শামুকতলা থানার শামুকতলা গ্রাম পঞ্চায়েতের ছোট পুখুরিয়ার নোহা টুডু জানিয়েছেন এত টাকা তার প্রয়োজন ছিল না। কোথা থেকে এত টাকা তার একাউন্টে ঢুকলো তা তিনি নিজেও জানেন না। তার শাশুড়ি জানিয়েছেন সুখে শান্তিতে বাস করতে পারবেন। তবে সেই টাকা তিনি আদৌ তুলতে পারবেন কিনা তা নিয়ে তার কপালে ভাঁজ পড়েছে। তিনি যথেষ্ট চিন্তিত রয়েছেন।

# জলমগ্ন কালচিনি এলাকার বিভিন্ন এলাকা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জুলাই :** একনাগারে হওয়া বৃষ্টিপাত ও বেহাল নিকাশি জন্য জলমগ্ন কালচিনি বিস্তর এলাকা। এলাকার অনেক বাড়িতে জল প্রবেশ করেছে। সড়কে ও হাঁটু সমান জল। কোনো কোনো এলাকায় সড়কে প্রবল স্রোতে জল প্রবাহিত হচ্ছে। গতকাল রাত থেকে হ ওয়া ভারী বৃষিপাত ও আজ সকাল থেকে অধবরত বৃষ্টিপাতের ফলে কালচিনির গুদামলাইন, স্টেশন লাইন, মোদিলাইন সহ একাধিক এলাকা জলমগ্ন হয়েছে। কালচিনি গ্রাম পঞ্চায়েত সংলগ্ন এলাকা ও জলমগ্ন হয়ে পড়েছে।ওপরদিকে কালচিনি ব্লকের হ্যামিলটনগঞ্জ এলাকা জলমগ্ন হয়ে পড়েছে ঘরে ঘরে জল প্রবেশ করেছে।সড়কে ও জল।বেহাল নিকাশি দরুন জলযন্ত্রণা হ্যামিলটনগঞ্জে।

# তিন দফা দাবি নিয়ে জেলাশাসকের দপ্তরে ডেপুটেশন আশা কর্মীদের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জুলাই :** আয়ুষ্মান ভারত প্রকল্পে ই-কেওয়াইসি (e-KYC) করানোর দায়িত্ব আশা কর্মীদের উপর চাপিয়ে দেওয়া যাবে না -এই দাবিকে সামনে রেখে তিন দফা দাবি নিয়ে আলিপুরদুয়ার জেলাশাসকের দপ্তরে ডেপুটেশন জমা দিল আলিপুরদুয়ার জেলা পশ্চিমবঙ্গ আশা কর্মচারী ইউনিয়ন।সোমবার সংগঠনের পক্ষ থেকে জেলাশাসকের দপ্তরে বিক্ষোভ প্রদর্শনের পর একটি প্রতিনিধিদল প্রশাসনের হাতে স্মারকলিপি তুলে দেয়। ইউনিয়নের দাবি, আয়ুষ্মান ভারত প্রকল্পের ই-কেওয়াইসি করানো আশা কর্মীদের নির্ধারিত কাজের অন্তর্ভুক্ত নয়। তাই তাদের উপর এই অতিরিক্ত কাজের চাপ সৃষ্টি করা চলবে না।সংগঠনের পক্ষ থেকে আরও দাবি করা হয়, প্রশাসনের তরফে কোনওরকম চাপ বা বাধ্যবাধকতা সৃষ্টি করে আশা কর্মীদের দিয়ে আয়ুষ্মান ভারত প্রকল্পের কাজ করানো বন্ধ করতে হবে। পাশাপাশি আশা কর্মীদের বিভিন্ন দীর্ঘদিনের সমস্যা ও দাবি দ্রুত সমাধানেরও আহ্বান জানানো হয়।ডেপুটেশন কর্মসূচিতে জেলার বিভিন্ন প্রান্ত থেকে বহু আশা কর্মী অংশগ্রহণ করেন। সংগঠনের নেতৃবৃন্দ জানান, দাবি পূরণ না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটার বিষয়টি বিবেচনা করা হবে।



# “পিএম সূর্য ঘর : মুফত বিজলি যোজনা” প্রকল্পের প্রচার অভিযান উদ্বোধন করলেন কোচবিহারের জেলাশাসক




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৩ জুলাই :** কোচবিহার জেলায় আজ থেকে শুরু হল “পিএম সূর্য ঘর : মুফত বিজলি যোজনার” জনসচেতনতা কর্মসূচি। ডাব্লুবিএসইডিসিএল-এর গার্হস্থ্য বিদ্যুৎ গ্রাহকদের এই বিশেষ সচেতনতা শিবিরের শুভসূচনা হয় জেলা শাসক জিতীন যাদবের পতাকা উত্তোলনের মাধ্যমে । জেলাশাসক সাংবাদিকদের বলেন , “আজ ট্যাবলোর মাধ্যমে এই যোজনা প্রকল্পের প্রচার অভিযান শুরু হল । যার মাধ্যমে আমাদের কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে সোলার প্যানেল লাগানোর কাজ করবে। ফলে সূর্যের আলোকে ব্যবহার করে ঘরে ঘরে বিদ্যুৎ উৎপন্ন করা যাবে। এই প্রকল্পে উপভোক্তাকে কিছু টাকা জমা দিতে হবে এবং বাকী টাকা সরকার পক্ষ থেকে ঋণ হিসেবে দেওয়া হবে। এই প্রচার অভিযান এক মাস ধরে চলবে। আমাদের চেষ্টা থাকবে যত বেশী সংখ্যক উপভোক্তাদের এই প্রকল্পের আওতায় নিয়ে আসা সম্ভব হয় যাতে তারা উপকৃত হন। এখনও পর্যন্ত এই পরিকল্পনার আওতাভুক্ত হতে ৩০ থেকে ৪০ টি আবেদন পত্র জমা পড়েছে।”

# বারবিশায় পুলিশ ফাঁড়ির উল্টো দিকেই দুঃসাহসিক চুরি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জুলাই :** পুলিশ ফাঁড়ির ঠিক উল্টো দিকেই খোদ পুলিশের চোখে ধুলো দিয়ে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটল কুমারগ্রাম ব্লকের বারবিশায়। একটি নামী অনলাইন বিপণী সংস্থার কুরিয়ার অফিস থেকে নগদ ১ লক্ষ ৩ হাজার টাকা নিয়ে চম্পট দিল দুই মুখ বাঁধা দুষ্কৃতী। সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে চুরির পুরো ঘটনা। এই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় ব্যবসায়ী মহলে তীব্র আতঙ্ক ও ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রবিবার গভীর রাতে এই চুরির ঘটনাটি ঘটে। বারবিশা পুলিশ ফাঁড়ির ঠিক বিপরীত দিকেই অবস্থিত ওই কুরিয়ার সংস্থার অফিসটি। রবিবার রাতে প্রবল বৃষ্টি হচ্ছিল। সেই সুযোগ নিয়ে দুই দুষ্কৃতী কুরিয়ার অফিসের দিকে আসে। তাদের দুজনেরই মুখ কাপড়ে বাঁধা ছিল যাতে চেনা না যায়। এরপর তারা অত্যন্ত ঠান্ডা মাথায় অফিসের শাটার ভেঙে তারা ভেতরে ঢোকে। ভেতরে থাকা ক্যাশ লকারটি ভেঙে সেখানে রাখা নগদ ১ লক্ষ ৩ হাজার টাকা বের করে নিয়ে চম্পট দেয় তারা। রবিবার সকালে কুরিয়ার অফিসের কর্মীরা এসে শাটার ভাঙা অবস্থায় দেখতে পান। ভেতরে ঢুকে দেখা যায় লকার ভাঙা এবং সমস্ত টাকা গায়েব।খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। অফিসের ভেতরে থাকা সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে প্রাথমিক তদন্ত শুরু করে পুলিশ। ফুটেজে দেখা গেছে, দুই দুষ্কৃতী মুখ বেঁধে ভেতরে ঢুকে লকার ভাঙছে। তবে ফাঁড়ির একেবারে উল্টো দিকে কীভাবে পুলিশের নজর এড়িয়ে এই ঘটনা ঘটল, তা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছেন স্থানীয় বাসিন্দারা। এলাকার নিরাপত্তা আরও জোরদার করার দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। পুলিশ জানিয়েছে, সিসিটিভি ফুটেজ দেখে দুষ্কৃতীদের শনাক্ত করার চেষ্টা চলছে। খুব দ্রুতই অপরাধীদের গ্রেপ্তার করা সম্ভব হবে বলে আশা করছে প্রশাসন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |